# জাতীয় বিশ্ববিদ্যালয়
# বাংলাদেশ
## পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং ০৫(৫৩০) জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী (পাস)/২০২১/৫৮০২ তারিখ : ১৭/০৫/২০২৬

## ২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪ সালের ডিগ্রী(পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online(EMS)-এর মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচি যথাসময়ে ঘোষণা করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে দেয়া হলো ঃ

১। **সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী, প্রশ্নপত্রের চাহিদা ফরম ও ডাটা এন্ট্রি সফটওয়ার সংগ্রহ ঃ**
সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম, ডাটা এন্ট্রি সফটওয়ার ও পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীসহ প্রয়োজনীয় তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে **(ems.nu.ac.bd)** পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির নির্ধারিত সময়ের পর তা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে, বিধায় যথাসময়ে পরীক্ষার্থী ও কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

২। **শিক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম জমা করার তারিখ ঃ**

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ ঃ ১৮/০৫/২০২৬ হতে ১২/০৬/২০২৬ পর্যন্ত

খ) শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ ঃ ১৩/০৬/২০২৬

গ) শিক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক) ঃ ১৪/০৬/২০২৬ হতে ১৫/০৬/২০২৬ পর্যন্ত

ঘ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক) ঃ ১৬/০৬/২০২৬ হতে ১৮/০৬/২০২৬ পর্যন্ত

ঙ) **ফি বিবরণী, বিবরণী ও অন্যান্য কাগজপত্র স্ব-স্ব কলেজে পরবর্তী ৩য় বর্ষ পরীক্ষা পর্যন্ত সংরক্ষণ করতে হবে। (বিশ্ববিদ্যালয়ে/আঞ্চলিক অফিসে জমা দেয়ার প্রয়োজন নেই।)**

চ) **পরীক্ষার্থীদের ইন-কোর্স নম্বর অনলাইনে এন্ট্রির পর ডাউনলোড করে হার্ড কপির গালাসীলকৃত খাম এবং বিষয়ওয়ারী প্রশ্নপত্রের চাহিদা উল্লেখপূর্বক প্রশ্নপত্রের চাহিদা বিবরণী সংশ্লিষ্ট শাখায় অবশ্যই প্রেরণ করতে হবে।**

৩। **২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ**

ক)

| | |
|---|---|
| নিয়মিত/প্রাইভেট | প্রতিপত্রে ১৫০/-হারে নির্ধারিত ফি +ইনকোর্স ফি ৪৫০/- + ট্রান্সক্রিপ্ট ৫০০/- + সার্টিফিকেট ৫০০/-) (ইনকোর্স ফি ৪৫০/- এর মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১৫০/-ও কলেজে জমা হবে ৩০০/-) |
| অনিয়মিত | প্রতিপত্রে ১৫০/- হারে নির্ধারিত ফি + ইনকোর্স ফি ৪৫০/- (পূর্বে পরীক্ষা না দিয়ে থাকলে) ইনকোর্স ফি ৪৫০/- এর মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১৫০/-ও কলেজে জমা হবে ৩০০/-) |
| সার্টিফিকেট কোর্স | প্রতিপত্রে ১৫০/-হারে নির্ধারিত ফি + ইনকোর্স ফি ৪৫০/-(পূর্বে পরীক্ষা না দিয়ে থাকলে) + ট্রান্সক্রিপ্ট ৫০০/- (পূর্বে পরীক্ষা না দিয়ে থাকলে); ইনকোর্স ফি ৪৫০/- এর মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১৫০/-ও কলেজে জমা হবে ৩০০/- |
| মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন | প্রতিপত্রে ১৫০/-হারে নির্ধারিত ফি এর অতিরিক্ত ৬০০/- (প্রতি শিক্ষার্থী) |
| Conditional promoted (c-promoted) | প্রতিপত্রে ১৫০/-হারে নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫০০/- (প্রতি শিক্ষার্থী) |
| ব্যবহারিক ফি | প্রতি পত্রে/কোর্সে ৩০০/- (বিশ্ববিদ্যালয়ে জমা হবে) |
| কেন্দ্র ফি (তত্ত্বীয়) | ৪৫০/-(কলেজে জমা হবে ১৫০/- এবং পরীক্ষা কেন্দ্রে জমা হবে ৩০০/-) |
| কেন্দ্র ফি (ব্যবহারিক) | **১৭৫/- কলেজে জমা হবে (ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে সংশ্লিষ্ট ব্যবহারিক কেন্দ্র প্রাপ্য হবে) বি: দ্র: যাদের ব্যবহারিক পরীক্ষা আছে শুধুমাত্র তাদের জন্য ব্যবহারিক কেন্দ্র ফি প্রযোজ্য** |

**খ)** পূর্বে ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ এবং ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত(প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় অন্তর্ভূক্তি ফি ৫০০০/-(পাঁচ হাজার) টাকা প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ১ম ও ২য় বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে শুধুমাত্র তারাই বিশেষ বিবেচনায় ২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। শর্ত থাকে যে, ২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে বা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

৪। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

**ক) ডিগ্রী (পাস) কোর্স ৩য় বর্ষ পরীক্ষা নিয়মিত ঃ**

i) ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০২২ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২৩ সালের ডিগ্রী(পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) অথবা Conditionsl Promoted (শর্তসাপেক্ষে উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষে "ইংরেজী" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ৩য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

iv) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**খ) ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত) ঃ**

i) **২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১** শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে কিন্তু **২০২১, ২০২২ ও ২০২৩** সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স **৩য় বর্ষে "ইংরেজি"** আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iv) **২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১** শিক্ষাবর্ষের শিক্ষার্থী ২০১৯, ২০২০ ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম D গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

**গ) ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মান উন্নয়ন)ঃ**

i) **২০২৩ সালের** ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর ৩য় বর্ষের সর্বোচ্চ দু'টি (C+ , C এবং D গ্রেড প্রাপ্ত) কোর্সে মানউন্নয়ন পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মান উন্নয়নের সুযোগ নাই।

**৫। সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (২০০ নম্বর)ঃ**

ক) ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ শিক্ষাবর্ষে রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**৬। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য)ঃ**

ক) আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://ems.nu.ac.bd/student-login) এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজে স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

খ) আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম Download করতে হবে।

গ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা লাগিয়ে দিতে হবে।

**৭। অনলাইনে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি (কলেজের জন্য)ঃ**

বিশেষ দ্রঃ **i) যদি কোন কলেজে পূর্বে Department User তৈরী করা না থাকে সেক্ষেত্রে College login (Admin) লিংকের College User Menu থেকে নতুন করে Department User তৈরী করতে হবে।**

**ii) বিশ্ববিদ্যালয় হতে প্রকাশিত ইন-কোর্স পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তির নির্দেশনা অনুযায়ী অনলাইনে নম্বর এন্ট্রির ভিত্তিতে ফরম পূরণের Probable লিস্ট প্রস্তুত করা হবে। শিক্ষার্থীদের ইনকোর্স নম্বর অনলাইনে এন্ট্রি ব্যতীত পরীক্ষার ফরমপূরণ করা যাবে না।**

ক) শিক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইন-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (ems.nu.ac.bd) এ গিয়ে College User Login (Department) এ প্রবেশ করে Department Password ব্যবহার করে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি সঠিক হলে নিশ্চয়ন করতে হবে। এ ভাবে সকল শিক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর শিক্ষার্থীর বিবরণী প্রিন্ট বের করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাইপূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

গ) শিক্ষার্থীর ডাটা সফটওয়্যারে এন্ট্রি করার সাথে সাথে তার বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম অটো সিস্টেমে পূরণ হয়ে যাবে। ডাটা Online এ এন্ট্রি ব্যতিত হাতে তৈরী বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

ঘ) পূরণকৃত আবেদন ফরমের সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর তা কলেজে গালাসীল অবস্থায় (সমস্ত কাগজপত্র ফরম পূরণের পর থেকে ফলাফল প্রকাশের পর ছয় মাস পর্যন্ত) সংরক্ষিত থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য তলব করতে পারবে।

ঙ) কলেজের সকল শিক্ষার্থীর ডাটা পূর্ণাঙ্গভাবে এন্ট্রি করার পর সংশ্লিষ্ট ওয়েব-সাইট থেকে Print করতে হবে এবং যথানিয়মে পরীক্ষার্থীর বিবরণী, ফি বিবরণী স্ব-স্ব কলেজে সংরক্ষণ করতে হবে।

চ) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য উপ-পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোঃ নজরুল ইসলাম তালুকদার, ০১৭১১৫৬২১২৪ (সকাল ৯:০০মিঃ থেকে ৪:০০মিঃ পর্যন্ত) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ছ) ফরম ফিলাপ সংক্রান্ত **যে কোন সমস্যার জন্য** জনাব এইচ এম ইসরাফিল (০১৭৭৬-৯৬৮০৮১), জনাব মক্তাদিরুল ইসলাম রাজু (০১৬০৯-৬০৫৪৯৪) এবং জনাব এস এম তানভীর সিদ্দীকি (০১৭০৩-৭২৫৮১৮)-এ যোগাযোগ করা যেতে পারে।

জ) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সদস্যদের নাম, পদবী, বিষয় ও মোবাইল নম্বর সম্বলিত তালিকা ইত্যাদি প্রস্তুত করে পরীক্ষার কাজ সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট পরীক্ষা পরিচালনা কমিটির তালিকা পরীক্ষা শুরুর পূর্বে ডিগ্রী পাস শাখার নির্ধারিত ই-মেইলঃ nudegreepassexam@gmail.com -এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**বিবরণী ফরম পূরণের পর কোন শিক্ষার্থীর নাম বাদ পড়েছে কিনা বা একজনের পরিবর্তে অন্য শিক্ষার্থীর নাম এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে দেখতে হবে। ফরম জমাদানের পর এ ধরনের কোন আপত্তি গ্রহণ করা হবে না।**

**৮। ফি জমাদানের নিয়মাবলীঃ**

ক) সংশ্লিষ্ট কলেজ pms.nu.ac.bd/pms/default.aspx সোনালী সেবার মাধ্যমে College Code entry করে Pay Slip Download করবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতের হিসাব নম্বর ও উল্লিখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে।

খ) Pay Slip সংগ্রহের জন্য নির্ধারিত তারিখের মধ্যে বিকাল ৪-০০টা পর্যন্ত Link Active থাকবে। নির্ধারিত সময়ের পর Pay Slip ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।

গ) **সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য জনাব মোঃ হুমায়ুন কবির, সিনিয়র সিস্টেম এনালিস্ট, E-mail: kabir.erp@gmail.com-এ অথবা ০১৭১৭-০৩৭৭৬৬ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।**

৯। **প্রবেশপত্র সংশোধন ঃ**

ক) প্রবেশপত্র কোনক্রমেই কাটাকাটি বা সংশোধন করা যাবে না। প্রবেশপত্রে যদি কোন ভুল থাকে তবে তা সংশোধনের জন্য আনুষঙ্গিক কাগজপত্রসহ ডিগ্রী(পাস) শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, জনাব মোঃ নজরুল ইসলাম তালুকদার, ০১৭১১৫৬২১২৪-এর সাথে যোগাযোগ করতে হবে।

খ) রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয় কোড অনুযায়ী ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০। **পরীক্ষা পরিচালনার খরচ ঃ**

ক) কেন্দ্র ফি (তত্ত্বীয়) বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজপত্র গ্রহণ করার প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে নির্বাহ করতে হবে। প্রতি পরীক্ষার্থীর নিকট হতে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ৪৫০/- টাকার মধ্যে ৩০০/- টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষানুষ্ঠানের ০৩(তিন) দিন পূর্বেই জমা দিতে হবে। অবশিষ্ট ১৫০/- টাকা দিয়ে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে হবে।

খ) ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না। প্রতি পরীক্ষার্থীর নিকট হতে ব্যবহারিক কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ১৭৫/- টাকা যে কলেজ কেন্দ্রে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কলেজ কেন্দ্রকে প্রদান করতে হবে।

১১। **রেগুলেশন ঃ**

২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে প্রণীত রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে। পূর্ণাঙ্গ রেগুলেশন বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nu.ac.bd** তে দেয়া আছে।

১২। **সিলেবাস (নিম্নে বর্ণিত সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হবে) ঃ**

২০২৪ সালের ডিগ্রী (পাস) কোর্স ৩য় বর্ষ পরীক্ষার সকল শিক্ষার্থীকে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের জন্য প্রণীত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৩। **কলেজ অধিভুক্তি ঃ**

**২০২৫-২৬ শিক্ষাবর্ষ পর্যন্ত কলেজ 'স্নাতক (পাস) ডিগ্রী কোর্স' অধিভুক্তির নবায়ন থাকতে হবে, অন্যথায় ২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্র বিতরণ স্থগিত রাখা হবে।**

১৪। **পরীক্ষার সময়সূচি ও কেন্দ্র তালিকা ঃ**

পরীক্ষার বিস্তারিত সময়সূচি ও কেন্দ্র তালিকা যথাসময়ে ঘোষণা করা হবে।

১৫। **ফলাফল ঃ এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।**

বি.দ্র. ১। উক্ত পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইট www.nu.ac.bd/www.nubd.info/ মারফত জানানো হবে। সংশ্লিষ্ট কলেজ ও কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তাকে এ ওয়েব-সাইট থেকে তথ্য সংগ্রহ করে নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে এবং সংশ্লিষ্ট পরীক্ষার্থী/অভিভাবককে অবহিত করতে হবে।

২। ফরম পূরণের আবেদন নিশ্চিত করতে প্রয়োজনীয় ফিসহ আবেদন ফরমটি কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে, অন্যথায় প্রবেশপত্র ইস্যু করা হবে না এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত অথবা যে কোন তথ্যের জন্য www.nu.ac.bd ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি ব্যতিত অন্য কোন সূত্র থেকে প্রাপ্ত তথ্য অনুসরণ না করার জন্য অনুরোধ করা হলো।

১৭।০৫।২৬

মোঃ এনামুল করিম
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়।
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭ (অফিস)

স্মারক নং ০৫(৫৩০) জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী (পাস)/২০২১/৫৮০২ তারিখ : ১৭/০৫/২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ

১। ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়।
২। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৩। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়।
(এ বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ।
৭। অফিস কপি।

মোঃ আশরাফ আলী
অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক
ডিগ্রী পাস (সার্বিক দায়িত্ব)
জাতীয় বিশ্ববিদ্যালয়।